

## বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ২০০৯-২০১০ অর্থবছরের বাজেট ঘোষণা

গত ২৯ জুন অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ২০০৯-২০১০ অর্থবছরের জন্য ৫৬ কোটি ৯২ লাখ টাকার মূল বাজেট অনুমোদন করা হয়। একই সভায় ২০০৮-২০০৯ অর্থবছরের জন্য ৫৫ কোটি ১৫ লাখ টাকার সংশোধিত বাজেট পাস করা হয়।

সিন্ডিকেটের এই সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং সিন্ডিকেটের সভাপতি অধ্যাপক ড. এ.এম.এম শফিউল্লাহ।

২০০৯-২০১০ অর্থবছরের মোট বরাদ্দ ৫৬ কোটি ৯২ লাখ টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে সরকারি অনুদানের সন্ধ্যায় পরিমাণ ৫২ কোটি ২৭ লাখ টাকা। শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীদের

বেতন-ভাতাদি খাতে ৩২ কোটি ৮৭ লাখ টাকা, পেনশন খাতে ৭ কোটি টাকা, সাধারণ আনুষঙ্গিক খাতে ৭ কোটি ৫০ লাখ টাকা, শ্রমিক আনুষঙ্গিক খাতে ৬ কোটি ৬০ লাখ টাকা এবং মেরামত সংরক্ষণ ও পুনর্বাসন খাতে ২ কোটি ৮ লাখ টাকা ও সম্পদ সংগ্রহ খাতে ৮৭ লাখ টাকা রাখা হয়েছে।

২০০৮-২০০৯ অর্থবছরের জন্য মোট ৫৫ কোটি ১৫ লাখ টাকার সংশোধিত বাজেট অনুমোদন করা হয়েছে।

২০০৯-২০১০ অর্থবছরের মূল বাজেট এবং ২০০৮-২০০৯ অর্থবছরের সংশোধিত বাজেটে কোন প্রকার ঘাটতি ছাড়াই নিজস্ব আয় ও বিমক অনুদানের মধ্যমি ব্যয় বরাদ্দ সীমিত রাখা হয়। উল্লেখ্য, ২০০৯-২০১০ অর্থবছরের প্রাপ্ত বাজেটে ছাত্রদের ফি বৃদ্ধি করা হয়নি। সংবাদ বিজ্ঞপ্তি।